

স্বাক্ষরিত জনী

তারিখ... 15 MAY 1994  
পৃষ্ঠা... ৩... কলাম ২

পটিয়ায় জনতা-পুলিশ সংঘর্ষ ॥ ফাঁকা গুলী ॥ আহত ১০

# ২০ জন শিক্ষকসহ দুই সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কার ॥ গ্রেফতার ৩০

43<sup>৩০</sup>

॥ স্টাফ রিপোর্টার ॥

গতকাল সোমবার অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় দেশের ৪টি বোর্ডের বিভিন্ন কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে দুই সহস্রাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। বিভিন্ন কেন্দ্র থেকে প্রায় ২০ জন শিক্ষককে বহিষ্কার ও নকল সরবরাহের অভিযোগে ৩০ জনকে গ্রেফতার করা হয়।

এদিকে কুমিল্লা বোর্ডে গতকাল সকালে অনুষ্ঠিত সাধারণ বিজ্ঞান প্রথমপত্র বিষয়ে পরীক্ষার প্রস্তুত ফাঁস হয়ে যাওয়ায় পরীক্ষা মাঝপথে স্থগিত ঘোষণা করা হয়। এনিম্নে চট্টগ্রামের পটিয়ায় জনতা-পুলিশ সংঘর্ষে ১০ জন আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ গ্যাজেট ফাঁকা গুলীবর্ষণ করে।

এছাড়াও সিলেট বোর্ডের ১৪টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ৫৩৫ জন পরীক্ষার্থী ও ৪ জন শিক্ষককে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। গতকাল ছিল সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান

বিষয়ে পরীক্ষা।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক দফতর সূত্রে জানা যায়, গতকাল ঢাকা বোর্ডের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। তবে গত কয়েক দিনের মত গতকালও শহর ও শহরতলীর পরীক্ষা

কেন্দ্রগুলোতে পরীক্ষার্থীদের মধ্যে নকল প্রবণতা লক্ষ্য করা গেছে। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গতকালও উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত বিভিন্ন জেলা ৭-পৃঃ ৬-এর কলামে